দৈনিক
ইনকিলাব

তারিখ 07 APR 2008
পৃষ্ঠা 2 কলাম 6

এসএসসি-দাখিল পরীক্ষার পঞ্চম দিন

# বহিষ্কার ১২৩ পরীক্ষার্থী ও ৪ শিক্ষক : ৩ হাজার ৪৩৩ জন অনুপস্থিত

স্টাফ রিপোর্টার : সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার গতকাল (রোববার) পঞ্চম দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ১২৩ পরীক্ষার্থী এবং ৪ জন শিক্ষক। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে গণিত পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৩৮ জন। মদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আরবী প্রথমপত্রের পরীক্ষায় বহিষ্কার হয়েছে ১৬ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে গণিত পরীক্ষায় পৃঃ ১৫ কঃ ১

## এসএসসি-দাখিল পরীক্ষার পঞ্চম দিন

১২-এর পৃষ্ঠার পর

বহিষ্কার হয়েছে ৪৯ জন পরীক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রককক্ষের হিসাব অনুযায়ী, গতকাল নয়টি বোর্ডে পঞ্চম দিনে ৩ হাজার ৪৩৩ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ঢাকা বোর্ডে অনুপস্থিত ছিল ৫৬০ জন, রাজশাহীতে ৩১৪ জন, যশোরে ৩০৪ জন, বরিশালে ১৮৮ জন, সিলেটে ১২৮ জন, কুমিল্লায় ১৪৬ জন ও চট্টগ্রামে ১৪৩ জন। এ ছাড়া দাখিলে ৮০১ জন ও ভোকেশনালে ৮৪৯ জন পরীক্ষায় অংশ নেয়নি।

তবে বহিষ্কৃত চার শিক্ষকদের মধ্যে দুইজন মদ্রাসা বোর্ডের এবং দুইজন কারিগরি বোর্ডের শিক্ষক। মদ্রাসা বোর্ডের দুই শিক্ষক আব্দুল মজিদ ও মো. আজিজুল হক নীলফামারী জেলার। কারিগরি বোর্ডের দুই শিক্ষকের মধ্যে, আব্দুল গণি হাওলাদার বাগেরহাটের এবং মো. শামীম হোসেন চুয়াডাঙ্গা জেলার। বোর্ড অনুযায়ী বহিষ্কৃত শিক্ষার্থীর মধ্যে রয়েছে ঢাকা বোর্ডে ৯ জন, রাজশাহীতে ২২জন, যশোরে ৬ জন, কুমিল্লায় ৫ জন, সিলেটে ৪ জন, চট্টগ্রামে ৭ জন ও বরিশালে ৫ জন।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এ বছর দেশের সাতটি শিক্ষা বোর্ড, কারিগরি বোর্ড ও মদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার্থী ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন, দাখিলে ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন এবং কারিগরি বোর্ডের অধীন এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫।